



(একই স্বাক্ষর ও তারিখে বিকল্প প্রতিলিপি)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (বিএম) শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৬৮.১৮.১১১

তারিখ : ০৩-০৪-২০১৮ খ্রিঃ

বিষয় : মানিকনগর আইডিয়াল বিএম কলেজ (প্রতিষ্ঠান কোড-৫০১৫৬) কেন্দ্র বাতিল পূর্বক উক্ত কেন্দ্রের পরীক্ষার্থীদের কদমতলা পূর্ব বাসাবো উচ্চ বিদ্যালয় ও কলেজ (প্রতিষ্ঠান কোড-৫০০৪৮) কেন্দ্রের অধীনে নিয়ে পরীক্ষা পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উচ্চ পর্যায়ের একটি ভিজিল্যান্স টিম এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয় গত ০২-০৪-২০১৮ খ্রিঃ তারিখে এইচএসসি (বিএম) পরীক্ষা-২০১৮ পরিদর্শনকালে ঢাকায় অবস্থিত মানিকনগর আইডিয়াল বিএম কলেজ (প্রতিষ্ঠান কোড-৫০১৫৬) কেন্দ্রের অধীন কমলাপুর রেলওয়ে শেরে বাংলা স্কুল, কমলাপুর, ঢাকা ভেন্যুতে পরীক্ষা পরিচালনার অব্যবস্থাপনা দেখতে পান এবং কর্তব্যে অবহেলার কারণে ০৩(তিন) জন শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি ও অসুদপায় অবলম্বনের জন্য ০৪(চার) জন পরীক্ষার্থীকে বহিষ্কার করেন। এরূপ অব্যবস্থাপনার কারণে ভিজিল্যান্স টিম উক্ত কেন্দ্র বাতিল করার নির্দেশ প্রদান করেন।

এমতাবস্থায় উক্ত কেন্দ্রটিকে বাতিল করে কেন্দ্রের পরীক্ষার্থীদের পরবর্তী পরীক্ষাগুলো কদমতলা পূর্ব বাসাবো উচ্চ বিদ্যালয় ও কলেজ (প্রতিষ্ঠান কোড-৫০০৪৮), ২৯/৩ কদমতলা, বাসাবো, ঢাকা-১২১৪ কেন্দ্রের অধীনে নিয়ে এবং উক্ত কেন্দ্রের ভেন্যু হিসেবে বাসাবো বালিকা উচ্চ বিদ্যালয়, বাসাবো, ঢাকা-১২১৪ কে নির্বাচিত করা হলো।

(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন : ৯১১৩২৮৩

প্রাপকঃ

অধ্যক্ষ

কদমতলা পূর্ব বাসাবো উচ্চ বিদ্যালয় ও কলেজ (প্রতিষ্ঠান কোড-৫০০৪৮),
২৯/৩ কদমতলা, বাসাবো, ঢাকা-১২১৪।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০৬৮.১৮.১১১(৭)

তারিখ : ০৩-০৪-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল :

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, অধি শাখা-১৩ (কারিগরি-২), পরিবহন পুল ভবন, ঢাকা। [দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত-সচিব (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ)।]
- ২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, মানিকনগর আইডিয়াল বিএম কলেজ (প্রতিষ্ঠান কোড-৫০১৫৬), মানিকনগর, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, বাসাবো বালিকা উচ্চ বিদ্যালয়, বাসাবো, ঢাকা-১২১৪।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
- ৭। সংশ্লিষ্ট নথি।

(প্রকৌঃ মোঃ আব্দুল হান্নান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম)
ফোন : ৯১৩৩৪৬৫